

শস্যক্রমের উপকারিতা

সেচ নির্ভর উঁচু থেকে মাঝারি উঁচু জমিতে রোপা আমন ধান কাটা এবং বোরো ধান রোপণের মধ্যবর্তী ৮০-৯০ দিন সময় স্বাভাবিক অবস্থায় জমি পতিত থাকে। এই সময়ে আলু চাষ করে ১ বিঘা জমিতে প্রায় ২,০০০-২,৫০০ কেজি (প্রায় ৫৪-৬৭ মণ) আলু উৎপাদন করা যায়।

শস্যক্রম চাষের উপযুক্ত এলাকা

দেশের সেচ সুবিধা প্রাপ্ত উঁচু থেকে মাঝারি উঁচু (বর্ষা মৌসুমে ৪০ সেন্টিমিটার বা ১৬ ইঞ্চি গভীরতায় প্লাবিত হয়) জমিতে রোপা আমন (বিআর১১ ও ব্রি ধান৪৯) - আলু (কার্ডিনাল/ডায়ামন্ট/অ্যাসটেরিস্ক) - বোরো (ব্রি ধান২৮/ব্রি ধান২৯) শস্যক্রমটি উপযোগী এবং লাভজনক। বিশেষ করে দেশের উত্তর পশ্চিমাঞ্চল (বৃহত্তর রংপুর, দিনাজপুর এবং বগুড়া)- এর জন্য এ শস্যক্রমটি বিশেষভাবে উপযোগী।

চাষ পদ্ধতি

ফসল	বপন সময়	রোপণ সময়
রোপা আমন	আষাঢ় মাসের প্রথম সপ্তাহ	আষাঢ় মাসের শেষ থেকে শ্রাবণের প্রথম সপ্তাহ
আলু	২৫ কার্তিক থেকে ১০ অগ্রহায়ণ	-----
বোরো	১০ থেকে ১৫ পৌষ (ব্রি ধান২৮) ০১ থেকে ০৫ পৌষ (ব্রি ধান২৯)	২০ থেকে ৩০ মাঘ

- ▶ আলুর জন্য জমি তৈরির সময় শেষ চাষের সাথে ১ বিঘা জমিতে ১৪ কেজি ইউরিয়া, ৩০ কেজি টিএসপি, ৩৪ কেজি এমওপি এবং ১৫ কেজি জিপসাম মাটির সাথে মিশিয়ে দিতে হবে। আলু রোপণের ২৫ এবং ৪৫ দিন পর ১৫ কেজি ইউরিয়া দুই লাইনের মধ্যে প্রয়োগ করে মাটির সাথে মিশিয়ে গাছের গোড়ায় মাটি উঠিয়ে দিতে হবে।
- ▶ আলুর দুই লাইনের মধ্যে ৫০-৬০ সেন্টিমিটার (২০-২৪ ইঞ্চি) এবং দু'টি গাছের মধ্যে ২০-২৫ সেন্টিমিটার দূরত্ব রাখতে হবে।
- ▶ আলু ফসলে উল্লিখিত পরিমাণ সার প্রয়োগ করলে বোরো চাষের সময় অর্ধেক মাত্রায় টিএসপি, এমওপি, জিপসাম এবং পূর্ণ মাত্রায় ইউরিয়া উপরিপ্রয়োগ করতে হবে।
- ▶ ধান চাষের জন্য অন্যান্য প্রয়োজনীয় কাজ স্বাভাবিক নিয়মে করতে হবে।



আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রহায়ণ	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র	বৈশাখ	জ্যৈষ্ঠ	
জুন	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল	মে	জুন

উসল উৎপাদন পঞ্জিকা

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@bri.gov.bd

অধিবেশন ৩: মডিউল ৮

ফ্যাক্ট শীট ১